# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৪৮৬

২৫/ চিকিৎসা (كتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/২২. কোন্ দিন রক্তমোক্ষণ করানো উচিত?

بَاب فِي أَيِّ الْأَيَّامِ يُحْتَجَمُ

আরবী

حَدَّثَنَا سُوَيْدُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا عُثْمَانُ بْنُ مَطَرٍ، عَنْ زَكَرِيَّا بْنِ مَيْسَرَةَ، عَنِ النَّهَّاسِ بْنِ قَهْمٍ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " مَنْ أَرَادَ الْحِجَامَةَ فَلْيَتَحَرَّ سَبْعَةَ عَشَرَ أَوْ تِسْعَةَ عَشَرَ أَوْ إِحْدَى وَعِشْرِينَ وَلاَ يَتَبَيَّغْ بِأَحَدِكُمُ الدَّمُ فَيَقْتُلَهُ " .

বাংলা

১/৩৪৮৬। আনাস ইবনে মালেক (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ কোন ব্যক্তি রক্তমোক্ষণ করাতে চাইলে যেন মাসের সতের, ঊনিশ বা একুশ তারিখ বেছে নেয়। তোমাদের কারো যেন উচ্চ রক্তচাপ না হয়। কারণ তাতে তার জীবননাশের আশংকা আছে।

## English

It was narrated from Anas bin Malik that the Messenger of Allah (ﷺ) said: “Whoever wants to be cupped, let him seek out the seventeenth, nineteenth or twenty-first (of the month); and let none of you allow his blood to rage so that it kills him.”

ফুটনোট

তিরমিযী ২০৫১, রাওদুন নাদীর ১০৮০, সহীহাহ ২৭৪৭। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ১. উসমান বিন মাতার সম্পর্কে আবু বাকর আল-বায়হাকী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু হাতিম বিন হিব্বান বলেন, তার হাদিস দ্বারা দলীল গ্রহণযোগ্য নয়। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি দুর্বল। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৮৬৩, ১৯/৪৯৪ নং পৃষ্ঠা) ২. যাকারিয়্যা বিন মায়সারাহ সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী

ও তাহরীরু তাকরীবুত তাহযীব এর লেখক বলেন, তার অবস্থা সম্পর্কে অজ্ঞাত। (তাহযীবুল কামালঃ রাবী নং ১৯৯৭, ৯/৩৭৪ নং পৃষ্ঠা) ৩. নাহহাস বিন কাহম সম্পর্কে ইয়াহইয়া বিন সাঈদ আল কাত্তান তার স্মৃতিশক্তির সমালোচনা করেছেন। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি নির্ভরযোগ্য নন। ইমাম নাসাঈ তাকে দুর্বল বলেছেন। ইবনু আদী বলেন, তিনি সিকাহ রাবী থেকে এককভাবে বর্ণনা করলে তার হাদিসের অনুসরণ করা যাবে না। আবু আহমাদ আল-হাকিম বলেন, তার মাঝে দুর্বলতা রয়েছে। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৪৮২, ৩০/২৮ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু উসমান, যাকারিয়্যা ও নাহহাস এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৫৯ টি শাহিদ হাদিস রয়েছে, ১ টি জাল, ২ টি খুবই দুর্বল, ৮ টি দুর্বল, ১৬ টি হাসান, ৩২ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ তিরমিযি ২০৫৩, আবু দাউদ ৩৮৬১, আহমাদ ৩৩০৬, মু'জামুল আওসাত ৬৭৬, ৪৪৫৩, ৫৬৫২, ৬৬২২, শারহুস সুন্নাহ ৩২৩৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44450

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন